মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/পনি/এইচএসসি/২০২৬/১৭৮৬ তারিখ: ০৪ নভেম্বর, ২০২৬ খ্রি.

এইচএসসি পরীক্ষা-২০২৬ (সাপ্লিমেন্টারি)-এর ফর্ম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে সর্বোচ্চ (দুই) বিষয়ে অকৃতকার্য (চতুর্থ বিষয় ব্যতীত) হয়েছে তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী ০১/১২/২০২৬ খ্রি. থেকে শুরু হবে। এ লক্ষে ২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার আবেদন ফর্ম পূরণের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।

২। ২০২৬ সালের এইচএসসি সাপ্লিমন্টোরি পরীক্ষার্থীদের ফর্ম পূরণ অনলাইন eFF এর মাধ্যমে করতে হবে।

৩। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ বোর্ডে প্রদেয় মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোনো শাখা থেকে বরিশাল শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে প্রেরিত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৪। Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন ও ফর্ম পূরণ : শিক্ষার্থীদের তথ্যসম্বলিত সম্ভাব্য তালিকা বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.barisalboard.gov.bd)-এ অতি শীঘ্রই প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০৫/১১/২০২৬ খ্রি. থেকে ০৯/১১/২০২৬ খ্রি.-এর মধ্যে Online-এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফর্ম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে। সোনলী সেবার মাধ্যমে ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ ১০/১১/২০২৬। পরীক্ষার ফি ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘন্টার মধ্যে Final Candidate List Print Active হবে। Final Candidate List Print করে যাচাই পূর্বক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

৫। পরীক্ষার্থীর স্বাক্ষরসম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৬। ইলেক্ট্রনিক ফর্ম ফিলাপ (eFF) এর কার্যক্রমের বিবরণ ও সময়সূচি নিম্মোক্ত ছকে দেয়া হলো :

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
ক	প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে Online-এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন ''সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার তারিখ: উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোনো পরীক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। এরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে।	০৫/১১/২০২৬ হতে ০৯/১১/২০২৬
খ	''সোনালী সেবার" মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ:	১০/১১/২০২৬

৭। সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ চুড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং পরবর্তীতে তার সত্যায়িত ফটোকপি বোর্ডে জমা দিতে হবে।

৮। ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের ০২ (দুই) কপি তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী তৈরি করে এ বিজ্ঞপ্তি প্রকাশের ০৩ (তিন) দিনের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট (রুম নং-২০২) হাতে হাতে জমা দিতে হবে।

ছক

ক্রমিক	বিভাগ	বিষয়ের নাম	বিষয় কোড	শিক্ষাবর্ষ	মোট পরীক্ষার্থী সংখ্যা

৯। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত:** নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৬ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সাপ্লিমন্টোরি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০। **পরীক্ষার ফি:**

ক. তত্ত্বীয় : প্রতি পত্র/বিষয় (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) : ১২৫/- (একশত পঁচিশ) টাকা

খ. ব্যবহারিক : প্রতি পত্র/বিষয় (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) : ২৫/- (পঁচিশ) টাকা

১১। কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে):

(ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি জনপ্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।

(খ) তত্ত্বীয় বিষয়সমূহের আদায়কৃত কেন্দ্র ফি হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। বোর্ড অফিস হতে অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

১২। **পরীক্ষার ফি এবং কাগজপত্র বোর্ডে জমা দেয়ার নিয়মাবলি সংক্রান্ত:**

(ক) পরীক্ষায় যাবতীয় ফি বোর্ডের সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। কোনোক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(খ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনোক্রমেই পরীক্ষার ফি ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৪.১১.২০২৫

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন: ০২৪৭৮৮৬৪৩৭০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
৩। জেলা প্রশাসক, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৪। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
৫। অধ্যক্ষ, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
৯। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
১০। উপ মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, বরিশাল
১১। জেলা শিক্ষা অফিসার, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
১৩। সকল অফিসার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
১৪। বোর্ডের ওয়েবসাইটঃ www.barisalboard.gov.bd
১৫। অফিস কপি